



ইনোভেশন টিম
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৩।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল সুচারুরূপে সম্পাদনের অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের সার্বিক কর্মকান্ডসমূহকে ডিজিটাইজেশনের আওতায় আনতে পারলে কাজের গতি বৃদ্ধি পাবে। বিশ্ববিদ্যালয় হতে শিক্ষার্থীদের জন্য প্রদত্ত সেবাসমূহকে ডিজিটাইজেশন/অটোমেশনের উদ্দেশ্যে উদ্ভাবনী ধারণা প্রদান এবং বাস্তবায়নের জন্য পূর্ণ রূপরেখা (সংশ্লিষ্ট ছবি/ভিডিও ইত্যাদি সহ) প্রদানের জন্য প্রস্তাব আহ্বান করা হলো। উক্ত প্রস্তাব জমা প্রদানের শেষ তারিখ আগামী ৩১ জানুয়ারি, ২০২৪ ইং।

অত্র বিশ্ববিদ্যালয়ের সেবাসমূহকে (উদাহরণ স্বরূপঃ ওয়েবসাইটের আধুনিকায়ন, ক্লিয়ারেন্স প্রদান প্রক্রিয়া, ট্রান্সপোর্ট পরিচালনাসহ অন্যান্য সকল অনুরূপ সেবা) সহজীকরণের জন্য উদ্ভাবনী ধারণা রূপরেখাসহ সর্বোচ্চ ১০ মেগা বাইটের একটি জিপ ফাইল আপলোড করে <http://utls.kuet.ac.bd/innovate> লিংকের মাধ্যমে সাবমিট করতে হবে। কোনভাবেই উক্ত সময়সীমা বর্ধিত করা সম্ভব হবে না। সকল জমাকৃত উদ্ভাবনী ধারণাসমূহ প্রাথমিক যাচাই-বাছাইয়ের পর নির্বাচিত ধারণাসমূহ প্রদানকারীদের প্রেজেন্টেশন প্রদানের আহ্বান জানানো হবে।

A. T. P.
28/12/2023

(প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম)

মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ

ও

আহবায়ক, ইনোভেশন টিম

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইন্সটিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয় (ইন্সটিটিউটের শিক্ষার্থীদের মধ্যে প্রচারের অনুরোধসহ)।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয় (বিভাগের শিক্ষার্থীদের মধ্যে প্রচারের অনুরোধসহ)।
- ৪। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। চেয়ারম্যান, যানবাহন কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ও ইমেইলে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। সহকারী পরিচালক, জনসংযোগ ও তথ্য শাখা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়(ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)।
- ১১। সেকশন অফিসার (গ্রেড-২), প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, অত্র বিশ্ববিদ্যালয় (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)।
- ১২। সকল নোটিশ বোর্ড।
- ১৩। সংরক্ষণ নথি।

Das
28/12/2023

(প্রকৌশলী প্রদীপ কুমার দাস)

সিস্টেম এনালিস্ট

ও

সদস্য-সচিব, ইনোভেশন টিম

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়